সমকাল

তারিখ : 21 DEC 2015
পৃষ্ঠা ২ কলাম ২



# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের উচ্চস্তরে নিতে সরকার সচেষ্ট

— নাহিদ

■ সমকাল প্রতিবেদক

পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক এবং বিসিএস শিক্ষা ক্যাডারদের কীভাবে আরও উচ্চস্তরে নিয়ে যাওয়া যায়, সে বিষয়ে সরকার সচেষ্ট রয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বিজয় দিবস উপলক্ষে গতকাল রোববার বিকেলে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

এমপিওভুক্ত শিক্ষকদের সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মতো গত ১ জুলাই থেকে নতুন বেতন কাঠামোতে বেতন-ভাতাদি ঘোষণার পর উচ্চস্তরের শিক্ষকদের ব্যাপারে এ কথা জানান মন্ত্রী। মন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষক ও ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## বিশ্ববিদ্যালয়

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

বিসিএস ক্যাডারের শিক্ষকদের উচ্চস্তরে নেওয়ার বিষয়ে আলোচনা অব্যাহত রয়েছে, এ নিয়ে সন্দেহের কোনো কারণ নেই। সমাধান বের করতে পারব। প্রধানমন্ত্রী ও সরকার শিক্ষকদের প্রতি শ্রদ্ধাশীল। নতুন বছরে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেওয়ার জন্য সরকার প্রস্তুত জানিয়ে মন্ত্রী বলেন, বছরের প্রথম দিন প্রাক-প্রাথমিক থেকে নবম শ্রেণীর শিক্ষার্থীদের হাতে বই দিতে পাঠিয়েছি। ১ জানুয়ারি ছুটির দিন হওয়ায় ২ জানুয়ারি বই উৎসব করব।

শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (ডিজি) ফাহিমা খাতুন। শিক্ষা সচিব সোহরাব হোসাইনের সভাপতিত্বে অন্যদের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অরুণা বিশ্বাস, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের মহাপরিচালক জিনাত ইমতিয়াজ আলী এবং মন্ত্রণালয় ও অধীন দপ্তরের কর্মকর্তা-কর্মচারীরা এতে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আয়োজনে সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।